Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ৩১৯-আইন/আয়কর/২০১৮।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ২৫% শেয়ার Shenzhen Stock Exchange ও Shanghai Stock Exchange এর নিকট বিক্রয়ের ফলে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর শেয়ারহোল্ডারগণ কর্তৃক অর্জিত শেয়ার হস্তান্তরজনিত মূলধনী মুনাফার উপর আরোপযোগ্য করহার ৫% এবং উক্ত Ordinance এর section 53N অনুযায়ী উক্ত মূলধনী মুনাফার উপর আরোপযোগ্য উৎস করহার ৫% নির্ধারণ করিল, যথা :—

**শর্তাবলি**

(ক) সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারের ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর শেয়ার বিক্রয়লব্ধ সমুদয় অর্থ বাংলাদেশের কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোনো সিকিউরিটিজ এ বিনিয়োগ করিতে হইবে;

(খ) প্রত্যেক শেয়ারহোল্ডার কর্তৃক একটি Designated Bank Account এবং নূতন Beneficiary Owner Account খুলিতে হইবে এবং উক্ত শেয়ার বিক্রয়লব্ধ সমুদয় অর্থ সরাসরি Designated Bank Account এ স্থানান্তর করিতে হইবে;



মূল্য : টাকা ৪.০০

(গ) উক্ত Designated Bank Account এ জমাকৃত সমুদয় অর্থ জমা হইবার তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে বাংলাদেশের কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোনো সিকিউরিটিজ এ দফা (খ) এ বর্ণিত Beneficiary Owner Account এর মাধ্যমে বিনিয়োগ করিতে হইবে;

(ঘ) উক্ত সমুদয় অর্থ বিনিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসর পূর্ণ না হওয়া পর্যন্ত বাংলাদেশের কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজ এ বিনিয়োগকৃত থাকিতে হইবে;

(ঙ) উল্লিখিত নূতন Beneficiary Owner Account এ লেনদেনের মাধ্যমে উদ্ভূত অর্থ দফা (ঘ) এ বর্ণিত সময় পর্যন্ত বাংলাদেশের কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজ এ বিনিয়োগকৃত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বর্ণিত বিনিয়োগ হইতে উদ্ভূত ডিভিডেন্ড আয় উক্ত Designated Bank Account হইতে স্থানান্তর করা যাইবে; এবং

(চ) দফা (ঘ) এ বর্ণিত সময়ে প্রতি বৎসর ৩১ জুলাই এর মধ্যে উক্ত বিনিয়োগকারীকে তাহার নূতন Beneficiary Owner Account এর সংশ্লিষ্ট বৎসরের Client Ledger Details এবং Designated Bank Account এর বিবরণী সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে।

২। উপরি-উক্ত শর্তাবলির কোন শর্ত প্রতিপালন না করিলে এই প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত করহার প্রযোজ্য হইবে না এবং সেই ক্ষেত্রে উক্ত Ordinance এর বিধান অনুযায়ী নিয়মিত করহার প্রযোজ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ১৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd